'অতীব জরুরী'

"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নং- ৫৯.১১.০০০০.১৫২.৩৭.০০১.২১- ২৫১৬

তারিখ : ১২ শ্রাবণ ১৪৩০
২৭ জুলাই ২০২৩

অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারাদেশে ডেঙ্গুর ভয়াবহতা, প্রাদুর্ভাব ও বিস্তার বৃদ্ধি পাচ্ছে। ডেঙ্গুর বিস্তার রোধকল্পে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন পর্যায়ের সকল কার্যালয়; সেবা কেন্দ্রসমূহ এবং বিশেষায়িত হাসপাতাল প্রতিদিন পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ।

২৬/৭/২০২৩
(এ.এইচ.এম. লোকমান)
অতিরিক্ত সচিব ও পরিচালক (প্রশাসন)
ফোন : ৫৫০১২৩৪২

নং- ৫৯.১১.০০০০.১৫২.৩৭.০০১.২১- ২৫১৬/১(১৩)

তারিখ : ১২ শ্রাবণ ১৪৩০
২৭ জুলাই ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল) ............................................ পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
২। পরিচালক, পরিবার পরিকল্পনা, ........................................................ বিভাগ।
৩। পরিচালক, এমসিএইচটিআই,আজিমপুর/লালকুঠি,মিরপুর/এমএফএসটিসি,মোহাম্মদপুর, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস্), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
৬। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) .........................................জেলা।
৭। সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)/(সিসি)/এমও (সিসি),জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়,..............জেলা।
৮। অধ্যক্ষ, পরিবার কল্যাণ প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর,ঢাকা।
৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)........................।
১০। সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
১২। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

২৬/০৭/২০২৩
(জালাল উদ্দিন আহমেদ)
উপপরিচালক (পার্সোনেল)
ফোন : ৫৫০১২৩৪৩
ইমেইল: dgfpper1@gmail.com


# ৫টি কাজ করুন
# ডেংগু থেকে বাঁচুন

## জমে থাকা পানি পরিষ্কার করে সকলকে বাঁচান




আমাদের আঙিনা,
আমরা পরিষ্কার করছি
আপনি করছেন তো?

# সচেতন হউন, ডেঙ্গু প্রতিরোধ করুন



এডিস মশার উৎপত্তি স্থান

## ডেঙ্গু প্রতিরোধে করণীয়

- বাড়ির আশেপাশের ঝোপঝাড় পরিষ্কার রাখুন
- তিন দিনের বেশি জমে থাকা পানি ফেলে দিন
- অব্যবহৃত পানির পাত্র উল্টে রাখুন যাতে পানি না জমতে পারে
- ঘুমানোর পূর্বে মশারী অবশ্যই টানিয়ে নিন
- প্রয়োজনে শরীরের অনাবৃত স্থানে মশা প্রতিরোধী ক্রিম ব্যবহার করুন
- যে কোন ধরনের জ্বরে ডাক্তারের পরামর্শ নিন

...of Licensing Authority (Drugs)
...09-153 / Renova XR dengue alarming social awareness leaflet Cod 1st Print 2018

# ডেঙ্গু ও চিকুনগুনিয়ায় আক্রান্ত হলে করণীয়



## কখন হাসপাতালে ভর্তি হবেন?

**নিম্নোক্ত যে কোন একটি বিপদ চিহ্ন থাকলে –**

- প্রচণ্ড পেট ব্যথা ও অত্যধিক পানি পিপাসা থাকলে
- ঘন ঘন বমি বা বমি বন্ধ না হলে
- রক্তবমি বা কালো পায়খানা হলে
- দাঁতের মাড়ি বা নাক থেকে রক্তপাত হলে
- ৬ ঘন্টার বেশি সময় ধরে প্রস্রাব না হলে
- প্রচণ্ড শ্বাসকষ্ট হলে
- ডায়রিয়া হলে ও অত্যধিক শারীরিক দুর্বলতা অনুভব করলে
- গর্ভবতী মা, নবজাতক শিশু, বয়স্ক রোগী, ডায়াবেটিস ও কিডনী রোগ থাকলে
- শরীরের তাপমাত্রা অস্বাভাবিক কমে গেলে (শরীর অস্বাভাবিক ঠান্ডা হয়ে গেলে)



## কখন এবং কিভাবে বাড়িতে চিকিৎসা নিবেন?

**রোগীর কোন বিপদ চিহ্ন না থাকলে –**

- মুখে পর্যাপ্ত তরল খাবার খেতে পারলে
- প্রতি ৬ ঘন্টায় অন্তত: ১ বার প্রস্রাব হলে
- বাড়িতে করণীয়:
  - ➢ এ সময় পূর্ণ বিশ্রামে থাকুন।
  - ➢ স্বাভাবিক খাবারের সাথে পর্যাপ্ত পরিমানে লবন যুক্ত তরল খাবার যেমনঃ খাবার স্যালাইন, ডাবের পানি, ফলের রস, স্যুপ ইত্যাদি খেতে থাকুন।
  - ➢ ডেঙ্গু জ্বরে প্যারাসিটামল ব্যতীত অন্য কোন ব্যথার ওষুধ সেবন করবেন না। (পূর্ণবয়স্কদের: জ্বর/ব্যথাজনিত কারনে সর্বোচ্চ দৈনিক ৩ গ্রাম বা ৫০০ মি.গ্রা. এর ৬ টি ট্যাবলেট; বাচ্চাদের : চিকিৎসকের পরামর্শ অনুযায়ী)
  - ➢ জ্বর কমাতে কুসুম গরম পানি দিয়ে সারা শরীর মুছে ফেলুন।

- ফুলের টব সহ বাসার ভিতরে ও চারপাশে জমে থাকা পানি অবশ্যই ৩ দিনের মধ্যে ফেলে দিন এবং ৩ দিনের বেশি সময়ের জন্য বাড়ির বাইরে গেলে কমোড ও প্যান ঢেকে রাখুন, পানির পাত্র উল্টিয়ে রাখুন
- দিনে ও রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করুন
- মশার কামড় থেকে বাঁচতে ছোট বড় সকলে শরীর ঢেকে রাখে এমন কাপড় পরিধান করুন
- বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে জ্বর থাকলে কোভিড-১৯ টেস্ট এর পাশাপাশি ডেঙ্গু জ্বরের পরীক্ষা (NS1 টেস্ট) করুন
- ডেঙ্গু জ্বরের পরীক্ষার জন্য দেশের সকল জেলার সিভিল সার্জন বরাবর NS1 কীট সরবরাহ করা হয়েছে। তাই জ্বরের রোগী হাসপাতালে আসলেই চিকিৎসকের পরামর্শমতে তাকে NS1 পরীক্ষা করান এবং কোন রোগীর ডেঙ্গু সনাক্ত হলে সেই তথ্য স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সী অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমে পাঠান
- জ্বরের পরীক্ষা ও চিকিৎসার জন্য **অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিন** ও প্রয়োজনে হটলাইন **১৬২৬৩** তে ফোন করুন
- ডেঙ্গু সংক্রান্ত যে কোন তথ্যের জন্য **প্রয়োজনে যোগাযোগ করুন- ফোন : ০২-২২২২৮৫৭৪৪, ই-মেইল:** mpdc_dghs@yahoo.com

**জাতীয় ম্যালেরিয়া নির্মূল ও এডিস বাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী, রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।**